দৈনিক ইনকিলাব

তারিখ 14 APR 1997
পৃষ্ঠা ৯ কলাম ৩

# বাউফলে মাদ্রাসা শিক্ষার উন্নয়নে টিএনওর প্রশংসনীয় উদ্যোগ

বাউফল থেকে নিজস্ব সংবাদদাতা ঃ বাউফল থানার মাদ্রাসাসমূহের কার্যক্রম গতিশীল ও কার্যকর এবং পূর্ণাঙ্গ দ্বীনী পরিবেশ প্রতিষ্ঠার লক্ষ্যে বাউফল থানার নির্বাহী অফিসার মোঃ আকরাম হোসেন প্রতিষ্ঠান প্রধানদের উদ্দেশ্যে সম্প্রতি এক সার্কুলার জারি করেছেন। সার্কুলারে তিনি শিক্ষকদের শিক্ষাদানের মান উন্নয়ন, শিক্ষকদের পারস্পরিক সম্পর্ক উন্নয়ন, শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের আখলাক ও দ্বীনদারীর বিষয়ে সতর্ক পর্যবেক্ষণ ও পর্যালোচনার মাধ্যমে পূর্ণাঙ্গ দ্বীনী পরিবেশ প্রতিষ্ঠার ও ছাত্র-ছাত্রী বৃদ্ধির গুরুত্বপূর্ণ পরামর্শ দিয়েছেন।

এ সার্কুলারে শিক্ষকদের বেতনের সরকারী অংশ উত্তোলন, প্রতিষ্ঠান প্রদান ও শিক্ষকদের ভ্রমণবিধি, ম্যানেজিং কমিটির সভা আহবান ইত্যাদি বিষয়ে গুরুত্বপূর্ণ পরামর্শ দিয়েছেন।

থানা নির্বাহী অফিসার মোঃ আকরাম হোসেনের এ পরামর্শ শিক্ষকদের মাঝে ব্যাপক উদ্দীপনার সৃষ্টি করেছে। মাদ্রাসা শিক্ষার উন্নয়নে এ পরামর্শ ব্যাপক সুফল বয়ে আনবে বলে পর্যবেক্ষক মহল মনে করেন।